



তথ্যবিবরণী

নম্বর: ২০০

রাজশাহীতে বিশ্ব বেতার দিবস উদ্‌যাপন

রাজশাহী; ৩০ মাঘ (১৩ ফেব্রুয়ারি):

আজ বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) বিশ্ব বেতার দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'বেতার ও জলবায়ু পরিবর্তন'। সারাদেশের মতো রাজশাহীতে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করা হয়।

এ উপলক্ষে সকালে বাংলাদেশ বেতারের রাজশাহী কেন্দ্রে বেলেুন ফেস্টুন উড়িয়ে বিশ্ব বেতার দিবস ২০২৫ এর প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সালেহ হাসান নকীব। উদ্বোধন শেষে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি বেতার ভবন থেকে শুরু হয়ে সিএন্ডবি মোড় প্রদক্ষিণ করে পুনরায় বেতার ভবনে শেষ হয়।

শোভাযাত্রা শেষে বেতার ভবন চত্বরে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় উপাচার্য বলেন, সবচেয়ে শক্তিশালী গণমাধ্যম হচ্ছে বেতার। তারপরও সময়ের সাথে সাথে খাপ খাইয়ে নেয়ার একটা বিষয় আছে যে, তরুণ প্রজন্ম কী চায়। বেতার বিনোদন, তথ্য এবং একই সাথে জ্ঞানের মাধ্যম হওয়া উচিত, যেন তরুণ প্রজন্ম আবারও বেতারের প্রতি আগ্রহী হয়ে উঠে। ভালো পরিকল্পনা থাকলে আমরা হয়তো আবারও শিক্ষার্থীদের বেতারের দিকে ফিরিয়ে আনতে পারবো, যারা অনেকটাই বিচ্ছিন্ন হয়ে গেছে।

তিনি বলেন, আমাদের কৈশর ও তারুণ্যে বেতারের বড় ভূমিকা ছিল। তখনকার সময়ে দুপুরবেলা বাংলা সিনেমার সংলাপ নিয়ে সামাজিক এ্যাকশন ও দুর্বীর নামের একটি গানের অনুষ্ঠান ছিল সেটা আমরা রেডিওতে শুনতাম। কালের পরিক্রমায় অতিদ্রুত মানুষের রুচি এবং সামাজিক পরিবর্তন ঘটেছে। তা আবার ফিরিয়ে আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সাধারণ মানুষ যেন জলবায়ু পরিবর্তন এবং তার কী ফলাফল সেটা সহজেই বুঝতে পারে সে সম্পর্কিত অনুষ্ঠান নিয়মিত সম্প্রচার করতে বেতার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান তিনি।

বাংলাদেশ বেতারের রাজশাহী কেন্দ্রের পরিচালক কিশোর রঞ্জন মল্লিক এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন রাজশাহী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. খন্দকার মো. ফয়সল আলম। অনুষ্ঠানে বেতারের শ্রোতা, কর্মকর্তা-কর্মচারী এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

পরে মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১১.৩০ঘ.